মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর
ডাইরী নং-
তারিখ:
যুগ্ম-সচিব | যুগ্ম প্রধান
উপ-সচিব (প্রশাসন)/১/২/৩/৪
উপ-প্রধান
সিঃ সঃ সঃ/সহঃ সঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স শাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.২২.০০১.১৭.১৪৯

১৭ বৈশাখ ১৪২৪
তারিখ: ----------------
৩০ এপ্রিল ২০১৭

## প্রজ্ঞাপন

ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে ভূমি ব্যবস্থাপনার ডিজিটাইজেশন অপরিহার্য। ভূমিসেবায় গতিশীলতা আনয়ন এবং স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, ভূমি সংস্কার বোর্ড, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন কর্মকর্তা কর্তৃক ভূমিসেবা সংক্রান্ত ই-সেবা তৈরি করা হচ্ছে। জনবান্ধব ই-সেবা তৈরিতে যে সকল সফটওয়্যার তৈরি করা হয়েছে সেগুলো কোনো সমন্বিত প্লাটফরমে না থাকায় সেবা গ্রহণের জন্য নাগরিকগণকে বিভিন্ন ই-ঠিকানায় তা খুঁজতে হয় এবং একটি সিস্টেমের সঙ্গে অন্য সিস্টেমের আন্তঃচলমানতা (Interoperability) সম্ভব হয় না। এ সকল সফটওয়্যারগুলোকে সমন্বিত করার লক্ষ্যে ভূমি-তথ্য ও সেবা কাঠামোর ভার্সন-০১ তৈরিপূর্বক এর উপাত্তমান (Data Standard) ও সমন্বয়মান (Integration Standard) প্রণয়ন করা হয়েছে। ভবিষ্যতে ভূমি সংক্রান্ত যে সকল ই-সেবা তৈরি করা হবে সেগুলো এই প্রমিতমান ব্যবহার করবে, ফলে বিভিন্ন প্রযুক্তিভিত্তিক তথ্যভাণ্ডার আন্তঃচলমান (Interoperable) হবে এবং সকল ভূমিসেবা পরস্পরের সঙ্গে সমন্বিত থাকবে। সর্বোপরি সেবা প্রত্যাশীগণ কম সময়, কম খরচ এবং হয়রানিমুক্তভাবে একটিমাত্র সেবাক্ষেত্রের (www.land.gov.bd) মাধ্যমে ভূমিসেবা গ্রহণে সক্ষম হবেন।

২। ভূমি ব্যবস্থাপনা ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট সংস্থাসমূহ ই-ভূমিসেবা তৈরির ক্ষেত্রে উক্ত উপাত্তমান এবং সমন্বয়মান ব্যবহার করবে।

৩। জনস্বার্থে এই আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সচিবের দপ্তর
ডাইরী নং: ৬০৪ | তারিখ: ৩/৫/১৭
অতিরিক্ত সচিব (প্রাঃ / মৎস্য / বাজেট) | অবিলম্বে ব্যবস্থা নিন
যুগ্মসচিব (প্রাঃ সঃ-১ / প্রাঃ সঃ-২) | প্রয়োজনীয় ব্যবস্থা নিন
যুগ্মসচিব(ব্লোমউক ও মেফিএ)/যুগ্মপ্রধান | উপস্থাপন করুন
উপসচিব(.................)/উপপ্রধান | আলোচনা করুন
সচিবের একান্ত সচিব | মন্তব্য / মতামত দিন
স্বাক্ষর

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বা-

(মোঃ শাহগীর আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৮৮-০২-৯৫৮৮৩৯৫
ফ্যাক্স:৮৮-০২-৯৫৬৬৫৫৯
ই-মেইল: eg_sec@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.২২.০০১.১৭.১৪৯

১৭ বৈশাখ ১৪২৪
তারিখ: ----------------
৩০ এপ্রিল ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব,.............................মন্ত্রণালয়/বিভাগ।
৩. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড।
৪. চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড।
৫. প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
৭. বিভাগীয় কমিশনার,...................................বিভাগ।
৮. জেলা প্রশাসক,..........................................জেলা।
৯. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১০. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. উপজেলা নির্বাহী অফিসার,-----------------------------------------উপজেলা।
১৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

৩০।০৪।২০১৭
(মোঃ শাহগীর আলম)
সিনিয়র সহকারী সচিব

C:\Users\pstcabsecy\Desktop\Gazette LISF.docx